দৈনিক সংবাদ

তারিখ 2 3-DE- 1998
পৃষ্ঠা ১২ কলাম ৪

## ভুয়া ক্বারী

চাঁদপুর, ২২শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– ক্বারী শিক্ষক পদে অন্যজনের প্রক্সি দিতে এসে ধরা পড়েছে মোঃ আবদুর রাজ্জাক নামে এক প্রতারক। এ ঘটনাটি ঘটেছে আজ মঙ্গলবার বেলা সাড়ে ১২টার দিকে সদর থানা নির্বাহী কর্মকর্তার কক্ষে। ধৃত ব্যক্তির বাড়ি সদর থানার নানুপুর গ্রামে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আজ বেলা ১২টায় স্থানীয় বাগাদি আহমদিয়া ফাজিল মাদ্রাসার জন্য ক্বারী শিক্ষক পদে লোক নিয়োগের পরীক্ষা হচ্ছিল সদর থানা নির্বাহী কর্মকর্তার কক্ষে। আঃ রাজ্জাক মোঃ ইলিয়াস মল্লিকা নামে মঠবাড়িয়া থানার ধুপতি গ্রামের এক প্রার্থীর পক্ষে পরীক্ষায় অংশ নিতে আসে। বোর্ডের সদস্য সদরের সহকারী কমিশনারের (ভূমি) জেরার মুখে বিষয়টি ধরা পড়ে যায় এবং পরে তাকে পুলিশে দেয়া হয়।